গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
www.mofl.gov.bd

পুনর্গঠিত National Technical Regulatory Committee (NTRC) এর ২৫-০৩-২০২১ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | শাহ্ মোঃ ইমদাদুল হক<br>অতিরিক্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখঃ | ২৫-০৩-২০২১ খ্রিঃ |
| সময়ঃ | সকাল ১১.০০ ঘটিকা |
| সভাস্থলঃ | প্রাণিসম্পদ অধিদপ্তরের সভাকক্ষ |
| উপস্থিতিঃ | সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি NTRC এর সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত সকলকে NTRC এর কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, প্রয়োজনে এ কমিটির সভা প্রতি মাসে আহবান করা যেতে পারে। অতঃপর তিনি কমিটির সদস্য-সচিব পরিচালক, কৃত্রিম প্রজনন কে সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য আহবান জানান।

০২। পরিচালক, কৃত্রিম প্রজনন উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে পাওয়ার পয়েন্টের মাধ্যমে পুনর্গঠিত NTRC কমিটির কার্যপরিধি অবহিতকরণ, বিদ্যমান ব্রিডিং পলিসি-২০০৭ এর সারসংক্ষেপ, প্রজনন নির্দেশিকা-২০১৯, তিন ধরণের উপ-কমিটি গঠন, বেসরকারী প্রতিষ্ঠানের কৃত্রিম প্রজনন কার্যক্রমের নিবিড় তদারকি ও সমন্বয়, বেসরকারী প্রতিষ্ঠানের বুল স্টেশন নিবন্ধন/নবায়ন, বুল স্টেশনের প্রজনন ষাঁড় প্রত্যয়নের সুপারিশ প্রদান করা এবং প্রজনন ষাঁড়/বকনা/সিমেন/এমব্রায়ো আমদানীর আবেদনসমূহের সার-সংক্ষেপ সভায় উপস্থাপন করেন। পরবর্তীতে কমিটির সকল সদস্য মুক্ত আলোচনায় অংশগ্রহণপূর্বক নিম্নোক্ত মতামত/অভিমত প্রদান করেন।

০৩। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, সদস্য আলোচনায় অংশ নিয়ে বলেন ব্র্যাক, লালতীর, আমেরিকান ডেইরী, এসিআই, ইজাব ও সজাগ এর বুল ষ্টেশনগুলি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে বুল সম্পর্কিত উপস্থাপিত তথ্য পর্যালোচনাকালে দেখা যায় যে, পিডিগ্রী দূর্বলতা সবকয়টি প্রতিষ্ঠানে রয়েছে। পরিদর্শনকালে প্রজনন ষাঁড়ের শেডে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রত্যায়িত ষাঁড় ছাড়াও অন্যান্য জাতের প্রজনন ষাঁড়ের উপস্থিতি পাওয়া যায়, যা তাৎক্ষণিকভাবে বন্ধ করা জরুরী। আগামী ০৩(তিন) বছরের মধ্যে প্রজনন ষাঁড় সমূহের প্রজেনী পারফরমেন্স বিজ্ঞানভিত্তিক উপায়ে উপস্থাপন এবং বুলের ব্রিডিং ভ্যালু নির্ণয় করতে হবে। শাহীওয়াল ও শাহীওয়াল শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্ধ্বসীমা ১২(বার) বছর এবং হলিস্টিন ফ্রিজিয়ান ও তাঁদের শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্ধ্বসীমা ১০(দশ) বছর। সমসাময়িক সময়ে একই পিতার (Sire) দুই এর অধিক বুল প্রজনন কাজে ব্যবহার করা যাবে না। প্রত্যয়নপত্র প্রদানের লক্ষ্যে প্রস্তাবিত প্রজনন ষাঁড়ের তথ্যাদির সারসংক্ষেপ মায়ের দুধ উৎপাদন বাবার আইডি ও জাত ইত্যাদি বিষয়ে অধিকতর গ্রহণযোগ্য প্রমানক দাখিল করতে হবে। হলিস্টিন ফ্রিজিয়ান শংকর জাতের ব্লাড লেভেল প্রাথমিকভাবে ৫০% থেকে ৭৫% এর মধ্যে আবশ্যিকভাবে রাখতে হবে। জেনেটিক মেরিট এর ধারাবাহিক উন্নতি বজায় রাখতে হলে এমনভাবে বুল তৈরী করতে হবে যেখানে বুলের বিদেশী রক্তের মাত্রা ৫০% এর বেশী হবে না। এতে জেনেটিক মেরিট বৃদ্ধি পাবে। কৃত্রিম প্রজনন ও জাত উন্নয়নে নীতিমালা, আইন ও বিধি-বিধান প্রণয়ন সংক্রান্ত উপ-কমিটি (গ) তে জাতের রেজিষ্ট্রেশন শব্দটি সংযোজন করতে হবে এবং TOR এ দেশীয় পশু-পাখির জাত/উপজাত রেজিষ্ট্রেশন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বুল স্টেশন, প্রজনন ষাঁড় নির্বাচন,মূল্যায়ন সম্পর্কিত কারিগরি উপ-কমিটি ১০-১১-২০২০ইং হতে পর্যায়ক্রমে ১৬-০৩-২০২১ইং পর্যন্ত ০৬(ছয়)টি বেসরকারী প্রতিষ্ঠান নিবন্ধন নবায়নের জন্য এবং ০১(এক)টি নতুন নিবন্ধনের জন্য সরেজমিনে পরিদর্শন করা হয়। শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানগুলির নিবন্ধন/নবায়ন করার বিষয়ে কমিটি সুপারিশ প্রদান করে। একই সময়ে বিভিন্ন প্রতিষ্ঠানের নতুন প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য যাচাই-বাছাই করে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হয়।



CamScanner

০৪। ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা আলোচনায় অংশ নিয়ে বলেন এআই কর্মীদের প্রশিক্ষণ মেয়াদ বেসরকারী প্রতিষ্ঠানের কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ মোতাবেক ৬ মাস মেয়াদী (৪ মাসের তাত্ত্বিক ও ২ মাসের ব্যবহারিক) প্রশিক্ষণ চালু করা প্রয়োজন। এছাড়াও তিনি National Livestock Development Policy-2007 এ বর্ণিত প্রজনন নীতিমালা সংশোধন করা প্রয়োজন বলেও মতামত ব্যক্ত করেন।

০৫। ডাঃ দেবাশীষ দাশ পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ অনুসরণ, কাজের মান নিয়ন্ত্রণ, সেবামূল্য গ্রহণ, রেকর্ড সংরক্ষণ ইত্যাদি বিষয়ে এআই কর্মীদের তদারকিসহ স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করার জন্য বেসরকারী সংস্থার উপজেলা বা জেলা পর্যায়ে স্থায়ী জনবল কাঠামো সৃষ্টি করার বিষয়ে মত প্রকাশ করেন।

০৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ বলেন কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ এ নির্দেশনা-২ এ বর্ণিত ১০০% হলিস্টিন ফ্রিজিয়ান ষাঁড় দ্বারা প্রজননের ক্ষেত্রে দেশী বকনা বা গাভীকে বড় আকারের হওয়া বাঞ্ছনীয়, যাতে গাভীর প্রসব জটিলতা এড়ানো যায়।

০৭। প্রফেসর ড. লাম ইয়া আসাদ এ্যানিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা বলেন বেসরকারী পর্যায়ে উৎপাদিত সিমেনের সারাংশ হতে শাহীওয়াল ও শাহীওয়াল শংকরের অধিক ব্যবহারের বিষয়টি পরিলক্ষিত হয়। ফলে দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে শাহীওয়াল এবং শাহীওয়াল শংকর জাতের ব্যবহারের সীমা নির্ধারণ করা প্রয়োজন।

০৮। ড. গৌতম কুমার দেব উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা বলেন, মাঠ পর্যায়ে কর্মরত এআই কর্মীদের প্রস্তুতকৃত ডাটাবেজ কেন্দ্রীয়ভাবে পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রস্তুত ও সংরক্ষণ করা প্রয়োজন।

০৯। ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক প্রতিনিধি, এসিআই লিমিটেড বলেন, প্রস্তাবিত কৃত্রিম প্রজনন আইন জাতীয় সংসদের মাধ্যমে পাশ করার ব্যবস্থা গ্রহণ করা একান্ত প্রয়োজন।

১০। ড. ফারুকুল ইসলাম ব্র্যাক প্রতিনিধি, ঢাকা বলেন, আমদানি ও রপ্তানি বিষয়ক উপ-কমিটিতে স্বার্থের সংঘাত এড়ানোর জন্য বেসরকারী প্রতিষ্ঠানের কোন প্রতিনিধি রাখার প্রয়োজন নেই। এআই কর্মীদের প্রশিক্ষণের মেয়াদ ৬ মাসের পরিবর্তে ৩ মাস করার জন্য সভায় তিনি প্রস্তাব পেশ করেন।

১১। মোঃ কুতুব উদ্দিন তালুকদার আমেরিকান ডেইরী লিঃ এর প্রতিনিধি এআই কর্মীদের প্রশিক্ষণের মেয়াদ ৬ মাসের পরিবর্তে ৩ মাস করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন। কারণ এ.আই কর্মীদের এই প্রশিক্ষণটি নিজ খরচে গ্রহণ করতে হয় বিধায় আর্থিক অস্বচ্ছলতার কারণে অনেকে প্রশিক্ষণ সম্পন্ন করতে পারেন না।

১২। এ পর্যায়ে সভাপতি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, পূর্বের অর্গানোগ্রামে উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন দপ্তরটি পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর নিয়ন্ত্রণে পরিচালিত হতো। কিন্তু নতুন অর্গানোগ্রামে পরিচালক, কৃত্রিম প্রজনন পদটি সৃষ্টি হওয়ায় বেসরকারী পর্যায়ে বুল স্টেশন নিবন্ধন/নবায়ন, প্রজনন ষাঁড়, গাভী/বকনা, মহিষ, ছাগল ও ভেড়া, দুম্বা, উট, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি বিষয়ক কার্যক্রম পরিচালক, কৃত্রিম প্রজনন এর দপ্তর থেকে উপস্থাপন হওয়া বাঞ্ছনীয়। **NTRC** এর উপ-কমিটির সদস্য-সচিব এমন পদধারী হবেন যিনি টেকনিক্যালি প্রাসঙ্গিক এবং সরাসরি পরিচালক, কৃত্রিম প্রজনন এর দপ্তরকে সহায়তা করতে পারবেন। উপস্থাপিত আমদানি সম্পর্কিত আবেদনসমূহ পুনর্গঠিত উপ-কমিটি পর্যালোচনা ও বিশ্লেষণ করবে। প্রয়োজেনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন করবে এবং সভাপতি, **NTRC** বরাবর প্রতিবেদন দাখিল করবে। পরবর্তী সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে।

CamScanner

১৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১৩.১ | NTRC এর কাজে সহায়তার জন্য নিম্নলিখিত ০৩(তিন)টি কারিগরি উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ | আহবায়ক, NTRC |

**(ক) বুল স্টেশন নিবন্ধন/নবায়ন এবং প্রজনন ষাঁড় নির্বাচন, মূল্যায়ন ও সনদ প্রদান সম্পর্কিত কারিগরি উপকমিটি ঃ**

| | |
|---|---|
| ১। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, বাংলাদেশ, ঢাকা | আহবায়ক |
| ২। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| ৩। চীফ ভেটেরিনারি অফিসার, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা | সদস্য |
| ৪। বিএলআরআই এর প্রতিনিধি (এনিম্যাল ব্রিডিং বিশেষজ্ঞ), সাভার, ঢাকা | সদস্য |
| ৫। ড. মোঃ বজলুর রহমান, উপপরিচালক (লীভ/রিজার্ভ), সংযুক্তি- এআই এন্ড ইটি প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৬। মোঃ শানে খোদা, বৈজ্ঞানিক কর্মকর্তা, এনিমেল ব্রিডিং শাখা, সাভার, ঢাকা, সংযুক্তি- কেন্দ্রীয় কৃত্রিম প্রজনন গবেষণাগার, সাভার, ঢাকা | সদস্য |
| ৭। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকা | সদস্য-সচিব |

**শর্তাবলী ঃ-** কমিটির সদস্যদের কার্যকালের মেয়াদ হবে ০২(দুই) বৎসর। কোন সদস্য নির্ধারিত মেয়াদের পূর্বে দায়িত্ব পালনে অনাগ্রহী হলে/ দায়িত্ব পালনে অপারগ হলে ১ মাস পূর্বে NTRC এর সভাপতিকে লিখিতভাবে অবহিত করতে হবে। NTRC এর সভায় বিষয়টি নিয়ে আলোচনাক্রমে যে কোন সদস্যকে প্রতিস্থাপন/ নতুন সদস্য কো-অপ্ট করা যাবে।

**কার্যপরিধি (TOR) ঃ-** বেসরকারী প্রতিষ্ঠানের বুল স্টেশন নিবন্ধন/ নবায়ন এবং প্রজনন ষাঁড়ের প্রত্যয়ন প্রদানের লক্ষ্যে মহাপরিচালক,প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ,ঢাকা এর নিকট হতে প্রাপ্ত আবেদনপত্র পশুরোগ আইন-২০০৫, কোয়ারেন্টাইন আইন-২০০৫, পশুরোগ বিধিমালা-২০০৮, ন্যাশনাল লাইভস্টক ডেভেলপমেন্ট পলিসি-২০০৭ এবং বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬, সংশ্লিষ্ট অন্যান্য বিধিমালা এবং আঞ্চলিক অভিজ্ঞতার আলোকে সরেজমিনে পরিদর্শন ও প্রযোজ্য শর্তাবলি পর্যালোচনা ও মূল্যায়ন করে প্রতিবেদন সভাপতি, NTRC এর নিকট উপস্থাপন করা।

**(খ) বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১। | পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | আহবায়ক |
| ২। | পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সদস্য |
| ৩। | বিএলআরআই এর প্রতিনিধি (এনিম্যাল ব্রিডিং বিশেষজ্ঞ), সাভার, ঢাকা | সদস্য |
| ৪। | প্রফেসর ড. লাম ইয়া আসাদ,এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৫। | এ্যানিমেল ব্রিডার, এ্যানিমেল ব্রিডিং শাখা, সাভার, ঢাকা | সদস্য |
| ৬। | পরিসংখ্যান কর্মকর্তা, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সদস্য |
| ৭। | উপপরিচালক (লেজিসলেসন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সদস্য-সচিব |



CamScanner

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|

**শর্তাবলী ঃ-** কমিটির সদস্যদের কার্যকালের মেয়াদ হবে ০২(দুই) বৎসর। কোন সদস্য নির্ধারিত মেয়াদের পূর্বে দায়িত্ব পালনে অনাগ্রহী হলে/ দায়িত্ব পালনে অপারগ হলে তিনি ১ মাস পূর্বে NTRC এর সভাপতি বরাবর লিখিতভাবে অবহিত করবেন। NTRC এর সভায় আলোচনাক্রমে কমিটির কোন সদস্যকে প্রতিস্থাপন/নতুন সদস্য কো-অপ্ট করা যাবে।

**কার্যপরিধি (TOR) ঃ-** বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক বিদেশ হতে ষাঁড়/গাভী ও বকনা/মহিষ/ছাগল/ভেড়া/উট/দুম্বা/ এমব্রায়ো/সিমেনসহ অন্যান্য প্রাণী আমদানি ও রপ্তানির উদ্দেশ্যে দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্রসমূহ মহাপরিচালক,প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ,ঢাকা এর নিকট হতে প্রাপ্তির পর আমদানি ও রপ্তানি নীতিমালা-২০১৫-২১ এবং বিদ্যমান বেসরকারী পর্যায়ের লক্ষ্যে পশুরোগ আইন-২০০৫, কোয়ারেন্টাইন আইন-২০০৫,পশুরোগ বিধিমালা-২০০৮, লাইভস্টক ডেভেলপমেন্ট পলিসি-২০০৭ এবং বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬, সংশ্লিষ্ট অন্যান্য বিধিমালা এবং আঞ্চলিক অভিজ্ঞতার আলোকে পর্যালোচনা ও যাচাই বাছাই পূর্বক মূল্যায়ন প্রতিবেদন সভাপতি, NTRC এর নিকট উপস্থাপন করা।

**(গ) কৃত্রিম প্রজনন, জাত উন্নয়ন এবং নতুন জাত/উপজাত রেজিস্ট্রেশন সংক্রান্ত নীতিমালা, আইন, বিধি বিধান প্রণয়ন/সংশোধন উপকমিটি ঃ**

| | |
|---|---|
| ১। পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। | আহবায়ক |
| ২। পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। | সদস্য |
| ৩। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ৪। উপপরিচালক (কৃত্রিম প্রজনন), কৃত্রিম প্রজনন গবেষণাগার, সাভার, ঢাকা। | সদস্য |
| ৫। উপপরিচালক (লেজিসলেসন ও প্রশাসন/ নিবন্ধন/ সার্টিফিকেশন), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সদস্য |
| ৬। বৈজ্ঞানিক কর্মকর্তা, এনিমেল ব্রিডিং শাখা, সাভার, ঢাকা। | সদস্য |
| ৭। পরিসংখ্যান কর্মকর্তা, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। | সদস্য-সচিব |

**শর্তাবলী ঃ-** কমিটির সদস্যদের কার্যকালের মেয়াদ হবে ০২(দুই) বৎসর। কোন সদস্য নির্ধারিত মেয়াদের পূর্বে দায়িত্ব পালনে অনাগ্রহী হলে/ দায়িত্ব পালনে অপারগ হলে তিনি ১ মাস পূর্বে NTRC এর সভাপতি বরাবর লিখিতভাবে অবহিত করতে হবে। NTRC এর সভায় আলোচনাক্রমে প্রয়োজনে কমিটির কোন সদস্যকে প্রতিস্থাপন/নতুন সদস্য কো-অপ্ট করা যাবে।

**কার্যপরিধি (TOR) ঃ-** ১। NTRC এর নির্দেশনা মোতাবেক বেসরকারী পর্যায়ে কৃত্রিম প্রজনন, জাত উন্নয়ন, গবাদিপশু পাখির আমদানী ও রপ্তানি সংক্রান্ত বিদ্যমান নীতিমালা, আইন, বিধিমালা ইত্যাদি সংশোধন/ প্রণয়নের লক্ষ্যে সুপারিশ করা।

২। দেশীয় পশুপাখির জাত-উপজাতের রেজিস্ট্রেশনপূর্বক স্বীকৃতি'র জন্য সুপারিশ প্রদান করা।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১৩.২ | **বেসরকারী সংস্থার কৃত্রিম প্রজনন কার্যক্রমের নিবিড় তদারকি ও সমন্বয়ের জন্য সিদ্ধান্তসমূহ ঃ**<br>(ক) কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ অনুসরণ, কাজের মান নিয়ন্ত্রণ, সেবামূল্য গ্রহণ, রেকর্ড সংরক্ষণ ইত্যাদি বিষয়ে এআই কর্মীকে তদারকিসহ স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করার জন্য বেসরকারী সংস্থার উপজেলা বা জেলা পর্যায়ে স্থায়ী জনবল কাঠামো সৃষ্টি করতে হবে।<br>(খ) বেসরকারী পর্যায়ের কৃত্রিম প্রজনন কার্যক্রমের মাসিক প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ছকপত্রে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট দাখিল করতে হবে।<br>(গ) বেসরকারী পর্যায়ের এআই কর্মীদের প্রশিক্ষণের সিলেবাস, মেয়াদ, শিক্ষাগত যোগ্যতা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মানদন্ড প্রাণিসম্পদ অধিদপ্তরের ন্যায় হতে হবে।<br>(ঘ) নতুন এআই কর্মী ও তাঁদের কর্মএলাকা (ইউনিয়ন পর্যায়ে) নির্ধারণে কৃত্রিম প্রজনন দপ্তরকে অবহিত করতে হবে।<br>(ঙ) এআই কর্মী কর্তৃক কৃত্রিম প্রজনন কার্যক্রমের রেকর্ড বাধ্যতামূলকভাবে রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।<br>(চ) ৩ মাস প্রশিক্ষণপ্রাপ্ত বেসরকারী এআই কর্মীদের এ কাজে আর কোন প্রশিক্ষণ প্রয়োজন হলে তা উপপরিচালক, কৃত্রিম প্রজনন (সংশ্লিষ্ট জেলা) নির্ধারণ করবেন এবং বাকী প্রশিক্ষণের জন্য পরামর্শ প্রদান করবেন।<br>(ছ) বেসরকারী পর্যায়ে এআই প্রশিক্ষণ কারিকুলাম নির্ধারণ, প্রশিক্ষণ ও মূল্যায়ন কাজে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, কৃত্রিম প্রজনন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং স্থানীয় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে আবশ্যিকভাবে সম্পৃক্ত | পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর |

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| | করতে হবে।<br>সার্টিফিকেট প্রদানে স্থানীয় কর্মকর্তার যৌথ স্বাক্ষর থাকতে হবে।<br>(জ) জেলা ও উপজেলা পর্যায়ে বেসরকারী কৃত্রিম প্রজনন কার্যক্রম প্রতি ৩ মাস অন্তর অনুষ্ঠেয় জেলা মনিটরিং কমিটির সভার মাধ্যমে পর্যালোচনা ও পরামর্শ প্রদান করা হবে। | |
| ১৩.৩ | **বুল স্টেশনের নিবন্ধন/নবায়নের জন্য সুপারিশ প্রদান ঃ**<br>১। এসিআই এনিম্যাল জেনেটিক্স রিসার্স এন্ড ডেভেলপমেন্ট সেন্টার, শ্রীপুর, গাজীপুর।<br>২। সজাগ (সমাজ ও জাতি গঠন), ধামরাই, ঢাকা।<br>৩। লাল তীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিঃ, ভালুকা, ময়মনসিংহ।<br>৪। ইজাব এলায়েন্স লিঃ, সিংগিয়া, ঠাকুরগাঁও।<br>৫। ব্র্যাক বুল এন্ড বাক স্টেশন, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।<br>৬। আমেরিকান ডেইরী লিঃ, শ্রীপুর, গাজীপুর।<br>৭। ব্র্যাক বুল এন্ড ব্রিডিং স্টেশন, শেরপুর, বগুড়া।<br><br>উপরোক্ত ক্রমিক নং- ১ হতে ৬ পর্যন্ত মোট ০৬(ছয়)টি বেসরকারী প্রতিষ্ঠানের নিবন্ধন প্রয়োজনীয় শর্ত সাপেক্ষে ০১(এক) বৎসরের জন্য নবায়ন করা যেতে পারে এবং ক্রমিক নং- ৭ এ বর্ণিত ০১(এক)টি বেসরকারী বুল স্টেশনের নিবন্ধন শর্ত সাপেক্ষে প্রদান করা যেতে পারে।<br><br>উভয় ক্ষেত্রে ১৩.২ এ বর্ণিত শর্তাবলী আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে। | মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১৩.৪ | **বুল স্টেশনের প্রজনন ষাঁড়ের প্রত্যয়নের সুপারিশ প্রদানের লক্ষ্যে শর্তাবলী ঃ**<br>১। প্রজনন ষাঁড়ের শেডে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রত্যায়িত ষাঁড় ছাড়াও অন্যান্য জাতের প্রজনন ষাঁড়ের উপস্থিতি পাওয়া যায়, যা তাৎক্ষণিকভাবে বন্ধ করতে হবে।<br>২। প্রজনন ষাঁড় এবং ট্রায়াল ষাঁড় একত্রে একই শেডের মধ্যে লালন পালন করা যাবেনা। এতে প্রত্যায়িত ষাঁড় এবং ট্রায়াল ষাঁড়ের অবস্থানগত পার্থক্য বুঝা যায় না। ট্রায়াল ষাঁড় এবং প্রত্যায়িত ষাঁড় আলাদা শেডে লালন পালন করতে হবে।<br>৩। আগামী ০৩(তিন) বছরের মধ্যে প্রজনন ষাঁড় সমূহের প্রজেনী পারফরমেন্স বিজ্ঞানভিত্তিক উপায়ে উপস্থাপন করতে হবে এবং বুলের ব্রিডিং ভ্যালু নির্নয় করতে হবে।<br>৪। শাহীওয়াল ও শাহীওয়াল শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১২(বার) বছর।<br>৫। হলিস্টিন ফ্রিজিয়ান শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্ধ্বসীমা ১০(দশ) বছর নিশ্চিত করতে হবে।<br>৬। সমসাময়িক সময়ে একই পিতার (Sire) দুই এর অধিক বুল প্রজনন কাজে ব্যবহার করা যাবে না।<br>৭। ট্রায়াল শুরুর পূর্বেই ষাঁড় বাছুরের পিডিগ্রীর তথ্যাদি পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর,ঢাকা এর নিকট প্রেরণ করতে হবে ।<br>৮। প্রতয়নপত্র প্রদানের লক্ষ্যে প্রস্তাবিত প্রজনন ষাঁড়ের পিডিগ্রী, মায়ের দুধ উৎপাদন, বাবার আইডি ও জাত ইত্যাদি বিষয়ের উপর অধিকতর গ্রহণযোগ্য প্রমানক দাখিল করতে হবে।<br>৯। হলিসটিন ফ্রিজিয়ান শংকর জাতের ব্লাড লেভেল ১০০% এর কাছাকাছি রাখার প্রবণতা পরিহার করে ৫০% থেকে ৭৫% এর মধ্যে আবশ্যিকভাবে রাখতে হবে।<br>১০। দুধ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে শাহীওয়াল এবং শাহীওয়াল শংকর জাতের ব্যবহার সীমিত করতে হবে। | মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর |



CamScanner

| | | |
|---|---|---|
| ১৩.৫ | **বেসরকারী বুল স্টেশনের প্রজনন ষাঁড়ের প্রত্যয়ন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ ঃ**<br><br>বেসরকারী সংস্থার প্রজনন ষাঁড় প্রত্যয়ন সম্পর্কিত ১৩.৪ নং সিদ্ধান্তে বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নিম্নোক্ত ৬টি সংস্থার ১১১টি প্রজনন ষাঁড় এবং ৬টি মুররাহ জাতের মহিষ প্রজনন ষাঁড় প্রত্যয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১। এসিআই লিঃ এর উপস্থাপিত ১৬(ষোল) টি প্রজনন ষাঁড়ের মধ্যে ১৫(পনর)টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সজাগ এর উপস্থাপিত ০২(দুই) টি প্রজনন ষাঁড়ের মধ্যে ০১(এক)টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ইজাব এলায়েন্স লিঃ এর উপস্থাপিত ১৫(পনর) টি প্রজনন ষাঁড়ের মধ্যে ১৫(পনর)টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। ব্র্যাক, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর উপস্থাপিত ১৩(তের)টি প্রজনন ষাঁড়ের মধ্যে ১৩(তের)টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। ব্র্যাক, শেরপুর, বগুড়া এর উপস্থাপিত ৫৮(আটান্ন)টি প্রজনন ষাঁড়ের মধ্যে ৫৫(পঞ্চান্ন)টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬। আমেরিকান ডেইরী লিঃ এর উপস্থাপিত ১২(বার)টি প্রজনন ষাঁড়ের মধ্যে ১২(বার)টি প্রজনন ষাঁড় এবং ০৫(পাঁচ)টি মুররাহ জাতের মহিষ ষাঁড় প্রত্যয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(বুল স্টেশন, ষাঁড় নির্বাচন, মূল্যায়ন ও সনদ প্রদান সম্পর্কিত কারিগরি উপকমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে বিস্তারিত বর্ণনা রয়েছে)। | মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১৩.৬ | প্রজনন ষাঁড়, গাভী/ বক্‌না, হিমায়িত সিমেন ও এমব্রায়ো বিদেশ থেকে আমদানির লক্ষ্যে ০৫(পাঁচ)টি বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিলকৃত আবেদনসমূহের বিষয়ে বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপ-কমিটি কর্তৃক মূল্যায়নপূর্বক প্রতিবেদন আগামী ০২(দুই) সপ্তাহের মধ্যে সভাপতি, **NTRC** এর নিকট উপস্থাপন করতে হবে। | আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপ-কমিটি |
| ১৩.৭ | বেসরকারী প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের কৃত্রিম প্রজনন কার্যক্রম মনিটরিং করার জন্য জেলা মনিটরিং কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১৩.৮ | পরিচালক,কৃত্রিম প্রজনন এর দপ্তর,প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ,ঢাকা কর্তৃক বেসরকারী প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন পূর্বক বেসরকারী পর্যায়ে কৃত্রিম প্রজনন সেবামূল্য নির্ধারণ করে পরবর্তী **NTRC** এর সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক, কৃত্রিম প্রজনন |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১.০৪.২০২২

(শাহ্ মোঃ ইমদাদুল হক)
অতিরিক্ত সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
ও
সভাপতি
NTRC.



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ অধিশাখা
www.mofl.gov.bd

নথি নং- ৩৩.০০.০০০০.১১৮.০৬.০১৬.১২-৮৯

২৭ মাঘ ১৪২৭
তারিখঃ ----------------
১০ ফেব্রুয়ারি ২০২১

অফিস আদেশ

এ মন্ত্রণালয় হতে গত ২৩/০৭/২০১৮ ও ২৮/১০/২০১৮ তারিখের ৩৩.০০.০০০০.১১৮.০৬.০১৬.১২-৪৮৮ ও ৭৩৭ নং স্মারক মূলে প্রদত্ত আদেশে গঠিত প্রজনন ষাঁড় নির্বাচন ও সনদ প্রদানের লক্ষ্যে বিদ্যমান National Technical Regulatory Commitee (NTRC) বাতিলপূর্বক ''গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় নিয়োজিত বেসরকারি সংস্থাসমূহের প্রজনন ষাঁড় নির্বাচন ও সনদ প্রদান/গরু/মহিষ/ছাগল/ভেড়া/ উট/দুম্বা/ এমব্রায়ো/সিমেন/অন্যান্য প্রাণী'' আমদানিসহ কার্যবিধিতে বর্ণিত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে NTRC নির্দেশক্রমে নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলোঃ

| | | |
|---|---|---|
| ০১ | অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | আহবায়ক |
| ০২ | পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। | সদস্য |
| ০৩ | পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। | সদস্য |
| ০৪ | পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। | সদস্য |
| ০৫ | পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা। | সদস্য |
| ০৬ | প্রফেসর ড. এ. কে. ফজলুল হক ভূঞা, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ০৭ | প্রফেসর ড. মো: মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ০৮ | প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশান, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্বিবিদ্যালয়, ঢাকা-১২০৭। | সদস্য |
| ০৯ | উপপরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ১০ | প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমাল ব্রিডিং, সাভার, ঢাকা। | সদস্য |
| ১১ | ড. গৌতম কুমার দেব, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা। | সদস্য |
| ১২ | এসিআই এ্যানিম্যাল জেনেটিকস্, এসিআই লিমিটেড এর একজন প্রতিনিধি | সদস্য |
| ১৩ | ব্রাক (কৃত্রিম প্রজনন ডিভিশন) এর একজন প্রতিনিধি | সদস্য |
| ১৪ | আমেরিকান ডেইরী লিঃ এর একজন প্রতিনিধি | সদস্য |
| ১৫ | বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর একজন প্রতিনিধি | সদস্য |
| ১৬ | পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। | সদস্য সচিব |

কার্যপরিধি (TOR):

(ক) দেশে গুণগত মানসম্পন্ন মাংস ও দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বেসরকারি পর্যায়ে কৃত্রিম প্রজননের সাথে জড়িত সংস্থাসমূহের কার্যক্রম মূল্যায়ন ও পরামর্শ প্রদান;

(খ) প্রজনন কার্যক্রম পরিচালনায় বিজ্ঞানভিত্তিক অবকাঠামো, ল্যাবরেটরী যন্ত্রপাতি ও Bull Station এর জন্য প্রজনন ষাঁড় নির্বাচন, মূল্যায়ন ও সনদ প্রদানের সুপারিশ প্রদান;

(গ) বিভিন্ন প্রকার গবাদি পশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(ঘ) কৃত্রিম প্রজনন ও জাত উন্নয়নে নীতিমালা, আইন ও বিধি-বিধান প্রণয়ণে সুপারিশ প্রদান;

(ঙ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ সমন্বয়ে এক বা একাধিক উপকমিটি গঠন করতে পারবে;

(চ) প্রয়োজনে সদস্য কো-অপ্ট করা যাবে।

স্বা:
(ড. অমিতাভ চক্রবর্তী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৬৯৮
e-mail:livestock-2@mofl.gov.bd

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ অধিশাখা

নথি নং- ৩৩.০০.০০০০.১১৮.০৬.০১৬.১২-৮৯

২৭ মাঘ ১৪২৭
তারিখঃ --------------------
১০ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপিঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৬। পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা।
৭। পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮। প্রফেসর ড. এ. কে. ফজলুল হক ভূঞা, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
০৯। প্রফেসর ড. মো: মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবষ্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১০। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশান, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্বিবিদ্যালয়, ঢাকা-১২০৭।
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
১২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। উপপরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৪। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমাল ব্রিডিং, সাভার, ঢাকা।
১৫। ড. গৌতম কুমার দেব, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা।
১৬। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, আমেরিকান ডেইরী লিঃ, হাউজ-১২, রোড-২, সেক্টর-৩, উত্তরা, ঢাকা।
১৮। সিনিয়র পরিচালক, ব্রাক (কৃত্রিম প্রজনন ডিভিশন), ব্রাক সেন্টার, ৭৫, মহাখালী, ঢাকা-১২১২।
১৯। হেড মার্কেটিং, বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বাড়ি নং-৮, প্যারামাউন্ট, ব্লক-কে, রোড-২৭, বনানী, ঢাকা।
২০। পরিচালক (বিজনেস), এসিআই এ্যানিম্যাল জেনেটিকস্, এসিআই লিমিটেড, ২৪৫, তেজগাঁও, ঢাকা।

(ড. অমিতাভ চক্রবর্তী)
উপসচিব

CamScanner